

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮৭৭

৩৫/ শিকার ও যবেহকৃত জন্ত এবং যে সব পশুর গোশত খাওয়া হালাল (الحيوان)

পরিচ্ছেদঃ ৭. দব্ব খাওয়া (অনেকটা গুইসাপের মত দেখতে) হালাল

باب إِبَاحَةِ الضَّبّ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ قَرَأْتُ عَلَى مَالِكِ عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي أَمَامَةَ، بْنِ سَهْلِ بْنِ حُنَيْفٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، قَالَ دَخَلْتُ أَنَا وَخَالِدُ بْنُ الْوَلِيدِ، مَعَ رَسُولِ اللَّهِ مِن حَلَى الله عليه وسلم بَيْتَ مَيْمُونَةَ فَأْتِيَ بِضَبِ مَحْنُوذٍ فَأَهْوَى إِلَيْهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بِيدِهِ فَقَالَ بَعْضُ النِّسْوَةِ اللاَّتِي فِي بَيْتِ مَيْمُونَةَ أَحْبِرُوا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَدَهُ فَقُلْتُ الله عليه وسلم يَدَهُ فَقُلْتُ الله عليه وسلم يَدَهُ فَقُلْتُ أَحْرَامٌ هُوَ يَا رَسُولَ اللَّهِ قَالَ " لاَ وَلَكِنَّهُ لَمْ يَكُنْ بِأَرْضِ قَوْمِي فَأَجِدُنِي أَعَافُهُ " . قَالَ خَالِدٌ فَاجْتَرَرْتُهُ فَأَكُلُتُهُ وَرَسُولُ اللّهِ عليه وسلم يَنْظُرُ .

বাংলা

৪৮৭৭। ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) ... আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি এবং খালিদ ইবনু ওয়ালীদ (রাঃ) রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে মায়মুনা (রাঃ) এর কাছে গেলাম। তখন ভুনা দব্ব (অনেকটা গুইসাপের মত দেখতে) আনা হলো। রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তার হাত সেদিকে প্রসারিত করলেন। মায়মুনা (রাঃ) এর বাড়িতে উপস্থিত মহিলাদের একজন বললেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম যা খেতে ইচ্ছে করছেন সে সমন্ধে তোমরা তাকে অবহিত কর। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর হাত তুলে নিলেন। আমি বললাম, ইয়া রাসুলাল্লাহ্! এটা কি হারাম তিনি বললেন, না। যেহেতু এটা আমাদের এলাকায় নেই, তাই আমার কাছে (অভ্যাস না থাকার কারণে) তা অপছন্দনীয়। খালিদ (রাঃ) বলেনঃ তারপর আমি তা (পাত্রটি) টেনে নিয়ে খেতে লাগলাম। আর রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম দেখতে থাকলেন।

English



'Abdullah b. 'Abbas reported:

I and Khalid b. Walid went to the apartment of Maimuna along with Allah's Messenger (), and there was presented to him a roasted lizard. Allah's Messenger () stretched his hand towards It, whereupon some of the women who had been in the house of Maimuna said: Inform Allah's Messenger () what he intends to eat. Allah's Messenger () lifted his hand. I said: Messenger of Allah, Is it forbidden? He said: No. It is not found in the land of my people, and I feel that I have no liking for it. Khalid said: I then chewed and ate it, while, Allah's Messenger () was looking (at me).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন